

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৩

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ২৮. ওশর (ফল-ফসলের যাকাত) আদায়ের কর্মাচারী হওয়া অপছন্দনীয়

بَابِ كَرَاهِيَةِ أَنْ يَكُونَ الرَّجُلُ عَشَّارًا

## আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بُنِ شِمَاسَةَ قَالَ سَمِعْتُ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بُنِ شِمَاسَةَ قَالَ سَمِعْتُ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَغُونِي عَشَّارًا يَدُخُلُ الْجَنَّةَ صَاحِبُ مَكْسٍ قَالَ قَالَ أَبُو مُحَمَّد يَعْنِي عَشَّارًا

## বাংলা

১৭০৩. উকবা ইবনু আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, "(নিদিষ্ট পরিমাণের চাইতে অধিক হারে) যাকাত আদায়কারী ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না।"[1] আবূ মুহাম্মদ বলেন, এর ('যাকাত আদায়কারী ব্যক্তি'র) অর্থ: ওশর (এক দশমাংশ) আদায়কারী কর্মচারী।

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, এতে ইবনু ইসহাক রয়েছে, তিনি এটি 'আন'আন' পদ্ধতে বর্ণনা করেছেন (আর তিনি মুদাল্লিস)।

তাখরীজ: আমরা এর তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৭৫৬ তে। (আবূ দাউদ, যাকাত ২৯৩৭-অনুবাদক)

আমাদের সংযোজন: তাহাবী, শারহু মা'আনিল আছার ২/৩১; তাবারাণী, কাবীর ১৭/৩১৭, ৩১৮ নং ৮৭৮, ৮৭৯, ৮৮০; ইবনুল জারুদ, আল মুনতাকা, নং ৩৩৯; বাইহাকী, সাদাকাত ৭/১৬; ....।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন